

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬১৮

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: رَأَيْتُ فِي الْمَنَامِ أَنِّي أُهَاجِرُ مِنْ مَكَّةَ إِلَى أَرْضِ بِهَا نَخْلُ فَذَهَبَ وَهْلِي إِلَى أَنَّهَا الْيَمَامَةُ أَوْ هَجَرُ فَإِذَا هِيَ الْمَدِينَةُ يَثْرِبُ مَكَّةَ إِلَى أَنَّهَا الْيَمَامَةُ أَوْ هَجَرُ فَإِذَا هِيَ الْمَدِينَةُ يَثْرِبُ وَرَأَيْتُ فِي رُونِيَايَ هَذِهِ: أَنِّي هَزَرْتُ سَيْفًا فَانْقَطَعَ صَدْرُهُ فَإِذَا هُوَ مَا أُصِيبَ مِنَ الْفَتْحِ الْمُؤْمِنِينَ يَوْمَ أُحُدٍ ثُمَّ هَزَرْتُهُ أُخْرَى فعادَ أحسنَ مَا كانَ فإذا هوَ جَاءَ اللَّهُ بِهِ مِنَ الْفَتْحِ وَاجْتِمَاعِ الْمُؤْمِنِينَ

বাংলা

৪৬১৮-[১৩] আবৃ মূসা আল আশৃ'আরী (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি স্বপ্নে দেখেছি, আমি মক্কা হতে এমন এক ভূ-খন্ড-র দিকে হিজরত করছি যেখানে খেজুর গাছ রয়েছে। আমার ধারণা হলো, এটার দ্বারা ইয়ামান বা হিজরের দিকে ইঙ্গিত করা হয়েছে। কিন্তু পরে প্রকাশ পেল, তা মদীনাহ্ মুনাওয়ারা, যার নাম ইয়াসরিব। আমি স্বপ্নে এটাও দেখতে পেলাম যে, আমি তলায়ার নাড়াচ্ছি। এমন সময় তার মধ্যখান ভেঙ্গে গেল। আর তার তা'বীর "উহুদ যুদ্ধে মুসলিমদের ওপর নেমে আসা বিপর্যয়" দ্বারা প্রকাশ পেল। অতঃপর আমি পুনরায় তলোয়ার নাড়া দিলাম, তখন দেখলাম, তা পূর্বাপেক্ষা আরো উত্তম হয়ে গেছে। আর তা'বীর যা আল্লাহ তা'আলা পরবর্তী সময়ে দান করেছেন (মক্কা) বিজয় এবং মুসলিমদের সম্মিলিত শক্তি। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৭০৩৫, মুসলিম (২২৭২)-২০, ইবনু মাজাহ ৩৮২১, সহীহুল জামি' ৩৪৭২, আল জামি'উস্ সগীর ৫৭৮৫, আবৃ ইয়া'লা ৭২৯৮, 'নাসায়ী'র কুবরা ৭৬৫০, সহীহ ইবনু হিব্বান ৬২৭৫, দারিমী ২১৫৮।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ আলোচ্য হাদীসের মাঝে আলোচনা করা হয়েছে যে, মদীনাকে ইয়াসরিব বলা বৈধ না অবৈধ? ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ জাহিলী যুগে ইয়াসরিব নাম ছিল। অতঃপর আল্লাহ তা'আলা মদীনাহ নামে নামকরণ করেছেন। আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাম দিয়েছেন ত্বায়বাহ্ ও ত্বাবা। হাদীসে ইয়াসরিব নামে নামকরণ করতে নিষেধ করা হয়েছে। কেননা 'ইয়াসরিব' শব্দের অর্থ হচ্ছে বিশৃঙ্খলা। বলা হয় : সম্ভাবনা রয়েছে এই নাম ছিল নিষেধ হওয়ার পূর্বে। আর এটা বর্ণনা করার জন্য বলা জায়িয। নিষেধটি হলো মাকরূহ তানযীহি এবং উত্তমের বিপরীত।

মুসনাদ আহমাদ-এর মাঝে হাদীস বর্ণিত হয়েছে (মারফূ' সূত্রে) বারা' ইবনু 'আযিব (রাঃ) হতে বর্ণিত, যে ব্যক্তি মদীনাকে ইয়াসরিব নামে উচ্চারণ করবে সে যেন আল্লাহ তা'আলার নিকট ক্ষমা প্রার্থনা করে। তা হচ্ছে ত্বাবা, তা হচ্ছে ত্বাবা। (মুসনাদে আহমাদ ৪/২৮৫)

মিরকাতুল মাফাতীহ গ্রন্থকার বলেছেনঃ অধিক গুরুত্বের সাথে নিষেধ করা হয়েছে যে, মুনাফিক ও ইয়াহূদীদের কবিতাগুলোকে বর্জন করার জন্য। তাদের সম্পর্কে আল্লাহ তা'আলা কুরআনে উল্লেখ করেছেন ইয়াসরিব নামে। মহান আল্লাহর বাণী: ''ইয়াসরিববাসী, এটা টিকবার মতো জায়গা নয়, তোমরা ফিরে চলো''- (সূরাহ্ আল আহ্যাব্র ৩৩: ১৩)।

হাদীসে তরবারির ব্যাখ্যা সম্পর্কে ইমাম গাযালী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ কলম তরবারির ন্যায়, কলমের দ্বারা দীন ও দুনিয়ার সাহায্য নেয়া সম্ভব। অনুরূপভাবে তরবারি দ্বারা মু'মিন এবং কাফিরকে হত্যা করা যায়। [মিরক্লাতুল মাফাতীহ]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন